



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং -ক/অ/

তারিখঃ

বিষয়ঃ ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ছাত্র-ছাত্রী ভর্তির প্রাথমিক অনুমতি প্রসঙ্গে।

সূত্রঃ শিক্ষা মন্ত্রণালয়ের ১২-০৫-২০১৬ তারিখের- ৩৭.০০.০০০০.০৭০.০২.০৩৩.২০১৫-৬৭৮ নং স্মারক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে আপনাকে জানান যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের ১২-০৫-২০১৬ খ্রি. তারিখের ৩৭.০০.০০০০.০৭০.০২০.০৩৩.২০১৫-৬৭৮ নং পত্রের নির্দেশে কুষ্টিয়া জেলার সদর উপজেলাধীন “জুতপূর্ব কুষ্টিয়া গভঃ কমার্শিয়াল ইনস্টিটিউশন, কুষ্টিয়া এর পরিবর্তে “কুষ্টিয়া সরকারি সিটি কলেজ, কুষ্টিয়া” নামে নামকরণ করে আগামী কলেজ মঞ্জুরী কমিটির সভার অনুমোদন সাপেক্ষে নিম্ন লিখিত বিভাগ/বিষয় সমূহে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষ হতে একাদশ শ্রেণিতে ১(এক) বছরের জন্য সম্পূর্ণ সাময়িক ভিত্তিতে ছাত্র-ছাত্রী ভর্তির প্রাথমিক অনুমতি প্রদান করা হ'ল।

একাদশ শ্রেণির পাঠ্য বিষয় সমূহ (পাঠ্যক্রম অনুযায়ী):

আবশ্যিক বিষয় সমূহ (সকল বিভাগের জন্য)	নৈর্বচনিক বিষয় সমূহ	ঐচ্ছিক বিষয় সমূহ
বাংলা, ইংরেজী এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	ক' গুচ্ছ হতে ৩টি	যে কোন একটি

মানবিক বিভাগ	বিজ্ঞান বিভাগ	ব্যবসায় শিক্ষা শাখা
১। অর্থনীতি	১। পদার্থ বিজ্ঞান	১। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা
২। সমাজ বিজ্ঞান	২। রসায়ন বিজ্ঞান	২। হিসাব বিজ্ঞান
৩। যুক্তিবিদ্যা	৩। জীব বিজ্ঞান	৩। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন
৪। কৃষি শিক্ষা	৪। উচ্চতর গণিত	৪। ফিন্যান্স, ব্যাংকিং ও বীমা

আরোপিত শর্ত সমূহঃ

- একাদশ শ্রেণিতে ছাত্র-ছাত্রী ভর্তির অনুমতিকে প্রথম পর্যায়ে ১(এক) বছরের জন্য অর্থাৎ আগামী ৩০-০৬-২০১৭ তারিখ পর্যন্ত পাঠদানের অনুমতি বলে গণ্য করতে হবে। কোন অবস্থাতেই একে স্বীকৃতি হিসাবে গণ্য করা যাবে না।
- প্রতি বিভাগে কাম্যসংখ্যক শিক্ষার্থী ভর্তি ও পরীক্ষার ফলাফল সন্তোষজনক হতে হবে।
- সাইব্রেরীতে কমপক্ষে ২১০০(দুই হাজার এক শত) খানা পাঠ সহায়ক বই থাকতে হবে।
- জাতীয় দিবস গুলি উদযাপন এবং ক্রীড়া, সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করতে হবে।
- ২০০৯ সালের নীতিমালা অনুযায়ী অন্যান্য শর্তাবলী যথাযথভাবে পূরণ করতে হবে।
- সংরক্ষিত তহবিলে ১,০০,০০০/= ও সাধারণ তহবিলে ৫০,০০০/= টাকা জমা রাখতে হবে।
- দ্বাদশ শ্রেণী খোলার পূর্বে ৬,০০০/= (ছয় হাজার) টাকা ফিস জমা দিয়ে পূর্বানুমতি গ্রহণ করতে হবে।
- জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্য পুস্তক বোর্ডের সিলেবাস অনুযায়ী পাঠদান করতে হবে।
- বিধি মোতাবেক শিক্ষক নিয়োগ দিতে হবে।
- ০৬ (ছয়) মাসের মধ্যে প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ করতে হবে।
- কলেজ চত্বরে ফলজ, বনজ ও ঔষধি গাছ লাগাতে ও পরিচর্যা করতে হবে।
- পরীক্ষার পূর্বে প্রতি বিভাগে ২,০০০/- (দুই হাজার) টাকা ফিস বোর্ড তহবিলে জমা দিয়ে পরীক্ষার বিশেষ অনুমতি নিতে হবে (কলেজ স্বীকৃতি না পাওয়া পর্যন্ত)।
- বোর্ডের ওয়েবসাইড হতে সকল প্রকার তথ্য ও বিজ্ঞপ্তি জানতে হবে।

অধ্যক্ষ

কুষ্টিয়া সরকারি সিটি কলেজ
কুষ্টিয়া।

(অমল কুমার বিশ্বাস)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
ফোন ৪০৪২১-৬৮৬৩৮

স্মারক নং -ক/অ/ ৪০৫(২-২২)

তারিখঃ ১৭/৫/২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলঃ-

- সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- সিনিয়র সহকারী সচিব, শিক্ষা মন্ত্রণালয়, শাখা-৯ (কলেজ-৪)
- মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- জেলা প্রশাসক, কুষ্টিয়া।
- পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)
- জেলা শিক্ষা অফিসার, কুষ্টিয়া।
- উপজেলা নির্বাহী অফিসার, সদর, কুষ্টিয়া।
- সেকশন অফিসার, কলেজ নিবন্ধন বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- সেকশন অফিসার, উচ্চ মাধ্যমিক পরীক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- সংরক্ষণ নথি।

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
যশোর